চুরি মামলায় মেহেরপুর জেলা তাঁতী লীগের সদস্য সচিব জুয়েলসহ তিনজনের জেল

মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ায় একটি বাড়িতে চুরির ঘটনায় জেলা তাঁতী লীগের সদস্য সচিব জুয়েল রানাসহ ৩ জনের দুই বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছে আদালত।

রবিবার বিকালে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোছা: শিরিন নাহার এ রায় প্রদান করেন। ৩৮০ ধারায় চুরি করার অপরাধে জুয়েল রানার দুই বছর সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাস জেল।

আসামিরা হলেন জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা, তিনি বেড়পাড়া সিরাজুল ইসলামের ছেলে, আশরাফুল ইসলাম ওরফে ভোঁদড়, তিনি পৌর কলেজ মাঠ পাড়ার আমিনুল ইসলামের ছেলে এবং শাহাবুদ্দিন তিনি নতুন পাড়া মোনাজাত আলী ছেলে।

শাহাবুদ্দিন ও আশরাফুল ইসলামের তিন বছর সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাস জেল। রায় ঘোষনার সময় জুয়েল রানা আদালতে উপস্থিতি ছিলেন। পরে তাকে জেলা কারাগারে পাঠানো হয়েছে। বাকিরা পলাতক রয়েছেন।

মামলার বিবরণ থেকে জানা গেছে, মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ার মৃত আহমদ আলীর ছেলে অ্যাডভোকেট আসাদুল আজম খোকন বাদী হয়ে ২০১৩ সালের ৬ অক্টোবর মামলা করেন। ওই দিন সকাল ৯ টা থেকে দুপুর এক টার ভিতর কোন এক সময় আসাদুল আজম খোকনের বাড়ির জানালার গ্রিল ভাঙ্গিয়া ঘরের ভেতরে ওয়ারড্রব ও বাক্স ভেঙ্গে ৩০ হাজার টাকা ও ৫ ভরি ওজনের বিভিন্ন শ্রেণীর স্বর্ণালঙ্কার যার মূল্য আড়াই লক্ষ টাকা চুরি করে নিয়ে যায়।

যার মামলা নম্বর ৬৭৪/২০১৩. রাষ্ট্রপক্ষের কৌঁসুলি ছিলেন অ্যাডভোকেট ইমতিয়াজ বিন হারুন ও আসামিপক্ষের কৌশলী ছিলেন অ্যাডভোকেট মিনা পাল।

মেহেরপুরে নতুন ২ জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে মুজিবনগর উপজেলার ১জন এবং গাংনীতে ১জন।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৭ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১১ জনের। আর পজেটিভ আসে২ জনের। তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪২৭৪ টি, সর্বমোট পজিটিভ ৬৩৩ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫১ জন। বর্তমানে আক্রান্ত রয়েছেন ১৯ জন । এদের মধ্যে সদরে ৪ জন, মুজিবনগরে ১৩ জন এবং গাংনীতে ২ জন।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের আঙ্গুরা খাতুন (৪০) এবং যতারপুর গ্রামের মনিরুল ইসলাম (২৫)।

মেহেরপুরে আরএফএল এর শো-রুম উদ্বোধন

মেহেরপুরে আলিফ সেনেটারি নামের আরএফএল কোম্পানির শো-রুম উদ্বোধন করা হয়েছে। সোমবার দুপুরে শহরের কাথুলী নসিমন স্ট্যান্ড সংলগ্ন এলাকয় এই শো- রুম উদ্বোধন করা হয়। আরএফএল কোম্পানির পরিচালক মনিরুজ্জামান ফিতা কেটে শো-রুমের উদ্বোধন করেন।

পরে সেখানে সংক্ষিপ্ত আকারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য দেন পরিচালক মনিরুজ্জামান, জেনারেল ম্যানেজার শহীদুল

ইসলাম, আলিফ সেনেটারির সত্ত্বাধিকারী কামাল হোসেন।

এসময় আরএফএল এর পরিচালক মনিরুজ্জামান বলেন, আমরা বাংলাদেশ সহ বিশ্বের ১৭টি দেশে পন্য রপ্তানি করি। বিদেশি পন্য কিনে আমরা দেশের টাকা বিদেশে দিয়ে দিচ্ছি। আরএফএল কোম্পানি চ্যালেঞ্জ নিয়েছে প্রয়োজনীয় সকল পন্য বাংলাদেশের মানুষের কাছে পৌছে দেওয়ার। সে লক্ষ্যে আমরা এগিয়ে যাচ্ছি।

কালীগঞ্জে নব-নির্বাচিত কাউন্সিলরকে মাইক্রো- প্রাইভেট চালক সমিতির পক্ষ থেকে সংবর্ধনা।

তানজির রহমান, কালীগঞ্জ: ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার ৫ নং ওয়ার্ডের নব-নির্বাচিত কাউন্সিলর মনিরুজ্জাম রিংকুর সাথে মতবিনিময় সভা ও সংবর্ধনা দিয়েছে কালীগঞ্জ মাইক্রো – প্রাইভেট চালক সমিতি।
সোমবার সকালে সমিতি কালীগঞ্জ মাইক্রোস্টান্ড সংলগ্ন প্রধান কার্যালয়ে মাইক্রো প্রাইভেট চালক সমিতির সভাপতি ফারুক খানের সভাপতিত্বে এক মত বিনিময় সভা ও নব নির্বাচিত কাউন্সিলর কে সংবর্ধনা প্রদান করা হয়। এ সময় বক্তারা নিজেদের অসুবিধা ও চাওয়া পাওয়ার বিষয় নব নির্বাচিত প্রতিনিধির কাছে তুলে ধরেন। এ সময় অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমিতির সাধারণ সম্পাদক জামাল, লাইন সেক্রেটারী আক্তার হোসেন সহ সমিতি অন্তর্ভূক্ত চালক সদস্য গন।

মতবিনিময় সভা শেষে মনিরুজ্জামান রিংকু সমিতির সকল সদস্যদের প্রয়োজন ও সুবিধা অসুবিধায় পাশে থাকার আশ্বাস ব্যক্ত করে

গাংনীর তেরাইলে ডিস ও নেটের তার চুরির অভিযোগ

মেহেরপুরের গাংনীর উপজেলার তেরাইলে ডিস ও ইন্টারনেটের তার চুরির অভিযোগ উঠেছে।
রবিবার দিবাগত রাতে চুরির এ ঘটনা ঘটেছে।
ঘটনাস্থল পরিদর্শনের মাধ্যেমে ডিসের মিস্ত্রী জানান, আমি সকালে কাজে এসে দেখি তিন টি স্থানে তার কেটে নিয়ে গেছে। প্রথম স্থানে ৫৫ মিটার, দ্বিতীয় স্থানে ৯০ মিটার এবং তৃতীয় স্থানে ১২০ মিটার তার চুরি করেছে। এবং দেখা যায় তার গুলো হেসু দিয়ে কাটা।
এ বিষয়ে বামুন্দি স্যাাটেলাইটের সত্বাধিকার ও গাংনী জিএসএন এর সাধারন সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম বাদশা জানান, আমার স্যাটেলাইটের রেজিস্ট্রেশন ও লাইসেন্স দুটোই আছে । যার লাইসেন্স নং- AFO0302 এবং রেজিট্রেশন নং1458 । আমি সরকারী সকল বিধি বিধান মেনে সেই মোতাবেক কর,ট্যাক্স, ভ্যাট প্রদান করে আসছি। কিন্তু বুঝলাম না এমন নেক্কার জনক কাজ কে করলো
এ কাজের সাথে যারা যুক্ত আছেন তাদের যেন খুব দ্রুত খুজে বের করে আইনের আওতায় নিয়ে আসা হয়। এবং আমার সমস্ত ফাইবার ও ডিসের তার যেন ফেরত দেওয়া হয়। এবং আমি প্রত্যক্ষ দোষীদের আইনের আওতায় এনে সর্বোচ্চ দাবি জানাচ্ছি।
এ বিষয়ে জিএসএন এর সভাপতি আনারুল ইসলাম বাবু জানান, যারাই এ কাজ করুক না কেন । খুবই খারাপ কাজ করেছে। তাদের আইনের আওতায় এনে সর্বচ্চ শাস্তি দেওয়া হোক।

মেহেরপুরে বখাটেদের ছুরিকাঘাতে যুবক আহত

মেহেরপুর দোকানের ভিতর ঢুকে প্রকাশ্যে ছুরিকাঘাতে একজনকে জখম করেছে একদল বখাটে। সোমবার দুপুরে মেহেরপুর শহরের নিলমনি সিনেমাহল পাড়ায় এ ঘটনা ঘটে।

আহত জীবন একই পাড়ার সমির শেখের ছেলে। জীবন বর্তমান মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছে।

স্থানীয়রা জানান, সোমবার দুপুরে সমির শেখ এর দোকানে একদল বখাটে যুবক এসে তাকে মারতে থাকে।

এসময় সমির শেখ এর ছেলে জীবন শেখ এগিয়ে আসলে তার হাতে ছুরি দিয়ে কোপ দিয়ে পালিয়ে যায়। পরে তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

এ বিসয়ে সমির শেখ বলেন, আমি প্রতিদিনের ন্যায় আজকেও দোকানে বসে ছিলাম। প্রয়োজনে একটি কোম্পানীর লোকের সাথে মোবাইলে কথা বলছিলাম।

এসময় হালদার পাড়ার বাবুর ছেলে আলিফ ও আরিফ সহ অজ্ঞাত চারজন যুবক এসে আমাকে মারধর করে। পরে আমার ছেলে জীবন আসলে তাকে ছুরি দিয়ে আঘাত করে।

মেপ্র/এমএফআর

ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন শিশুর অন্ধত্ব দূরীকরণে আশার প্রদীপ

শিশুর সুরক্ষা ও সুস্বাস্থ্য নিশ্চিত করতে সরকারের বহুমূখী পরিকল্পনার একটি নজির ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন। একটা সময় ছিল যখন শিশুরা সন্ধ্যায় চোখে দেখতে পেত না। বিষয়টাকে মা-বাবা গুরুত্ব দিত না বা খেয়াল করত না। একপর্যায়ে জানতে পারলো তার শিশুকে সময়মতো চিকিৎসা করালে অন্ধত্বে ভুগতে হতো না।

বাংলাদেশের লক্ষ লক্ষ শিশুর অনাকাঙ্খিত পরিণতি এড়ানোর কথা মাথায় রেখে সরকার শিশুদের জন্য ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন নামে বিশেষ কর্মসূচি হাতে নিয়েছে। ভিটামিন ‘এ’ এর অভাবে শিশুদের

দুধ, মাছ, মাংস ইত্যাদিতে ভিটামিন ‘এ’ রয়েছে। প্রাকৃতিকভাবে মাছের তেলে সবচেয়ে বেশি ভিটামিন ‘এ’ পাওয়া যায়। উদ্ভিজ্জ উৎসের মধ্যে সতেজ পাতাবহুল সবজি যেমন- পালং ও মেথিশাক, বাঁধাকপি এবং রঙিন সবজি যেমন গাজর, মিষ্টি কুমড়া ইত্যাদি। এ ছাড়া বিভিন্ন ফল যেমন আম, পেঁপে থেকেও আমরা ভিটামিন ‘এ’ পেয়ে থাকি।

সরকার বাস স্ট্যান্ড রেলস্টেশন, লঞ্চঘাট, বিমানবন্দরে, ফেরি ঘাট, ব্রিজ টোল প্লাজা এবং খেয়া ঘাটগুলোতে ভ্রাম্যমান স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করেছেন। কর্মসূচির আওতায় ১২টি জেলার ৪২টি উপজেলায় ২৪০ ইউনিয়নের প্রত্যন্ত অঞ্চলের শিশুদের খুঁজে ক্যাম্পেইনের পরের চার দিন বিশেষ কর্মসূচির মাধ্যমে ক্যাপসুল খাওয়ানো হবে। এছাড়াও ক্যাম্পেইনটি সফল করতে মোট ২ লাখ ৮০ হাজার স্বেচ্ছাসেবককে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ক্যাম্পেইন পর্যবেক্ষণের জন্য প্রতিটি উপজেলা, জেলা এবং সমস্ত কেন্দ্রে নিয়ন্ত্রণ কক্ষ খোলা হবে বলে সরকার আশা ব্যক্ত করেছেন।

ভিটামিন ‘এ’ এর প্রধান কাজ দেহবৃদ্ধি এবং দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানো। চোখের দৃষ্টিশক্তি স্বাভাবিক রাখতে ভিটামিন ‘এ’ কাজ করে। ভিটামিন ‘এ’ শিশুদের ম্যালেরিয়া, হাম এবং ডায়রিয়াজনিত জটিলতা কমিয়ে আনে। ডায়রিয়া হলে শিশুর দুর্বলতাসহ শরীরে পুষ্টি উপাদানের ঘাটতি দেখা দেয়। কিন্তু ভিটামিন ‘এ’ ডায়রিয়ার ব্যাপ্তিকাল ও শিশু মৃত্যুর ঝুঁকি কমায়। দৃষ্টিশক্তি বাড়াতে এবং চোখের ছানি প্রতিরোধে ভিটামিন ‘এ’ এর ভূমিকা রয়েছে। সূর্যের অতিবেগুনি রশ্মি থেকে ভিটামিন ‘এ’ দেহের ত্বককে রক্ষা করে। ভিটামিন ‘এ’ ব্রণ, একজিমা, ফোঁড়া এবং ক্ষত সারাতে কাজ করে।

ভিটামিন ‘এ’ এর অভাব পূরণে শিশুদের নিয়মিত ভিটামিন ‘এ’ সমৃদ্ধ মাছ-মাংস, ফল, শাক-সবজি খাওয়ানো দরকার। শাক-সবজি অবশ্যই ভালো করে ধুয়ে তেল দিয়ে রান্না করতে হবে। শুধু পানি দিয়ে সিদ্ধ করলে ভিটামিন ‘এ’ পাওয়া যাবে না। পরিবারের রান্নায় ভিটামিন ‘এ’ সমৃদ্ধ ভোজ্য তেল ব্যবহার করতে হবে। মা ও শিশুর পুষ্টির জন্য গর্ভবতী ও প্রসূতি মায়েদের।

- ২-

স্বাভাবিকের চেয়ে বেশি পরিমাণে ভিটামিন ‘এ’ সমৃদ্ধ রঙিন শাক-সবজি এবং হলুদ ফলমূল খাওয়া উচিত। শিশুর বয়স ৬ মাস পূর্ণ হলে মায়ের দুধের পাশাপাশি পরিমাণমতো ঘরে তৈরি সুষম খাবার খাওয়াতে হয়।

বিভিন্ন ধরনের ভিটামিন ও পুষ্টি উপাদানের অভাবে শিশুরা মারাত্মক অপুষ্টিতে ভুগে থাকে। অপুষ্টিতে আক্রান্ত শিশুর বৃদ্ধি ধীর গতিতে হয়ে থাকে ও প্রায়ই নানা ধরনের রোগে আক্রান্ত হয়। কিন্তু সরকারের লক্ষ্য হলো আগামী প্রজন্মকে সুস্থ-সবল ও নিরোগ দেহের অধিকারী হিসেবে গড়ে তোলা। আর এ কারণেই ক্যাম্পেইনে পুষ্টি-বার্তা প্রচারের মাধ্যমে জনগণকে সচেতন করার প্রয়াস। প্রতি ৬ মাস অন্তর সরকারের এ কর্মসূচির মাধ্যমে বিপুল সংখ্যক শিশুকে ভিটামিন ‘এ’ এর অভাবজনিত রাতকানা রোগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি থেকে রক্ষা করা গেলেও এটি অব্যাহত রাখতে প্রতিদিনের খাদ্য তালিকায় সব ধরনের ভিটামিনযুক্ত খাবার থাকতে হবে।

(৪-১৭) অক্টোবর সকল কেন্দ্র সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত খোলা থাকবে। যদি কোনো শিশু গত চার মাসের মধ্যে ভিটামিন ‘এ’ ক্যাপসুল খেয়ে থাকে তবে তাকে ক্যাম্পেইনে এ ক্যাপসুল খাওয়ানো যাবে না। ভিটামিন ‘এ’ ক্যাপসুল ভরাপেটে খাওয়ানো ভালো। এটি খাওয়ানো হলে পার্শ্বপ্রতিক্রিয়ার ঝুঁকি নেই। তবে অনেক ক্ষেত্রে শিশুদের বমি, পেটের পীড়া ইত্যাদি উপসর্গ দেখা দিতে পারে, তবে এটা সাময়িক। এ ধরনের সমস্যা হলে শিশু বুকের দুধ ও খাবার স্যালাইন খাবে, প্রয়োজনে চিকিৎসকের শরণাপন্ন হতে হবে।

ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানোর প্রয়াস অব্যাহত থাকুক। অন্ধত্বের হাত থেকে আমাদের সমাজ মুক্ত থাকবে- এ প্রত্যাশা সবার।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত

“সংকটে নেতৃত্বদাতা, ভবিষ্যতের রুপদর্শী শিক্ষক” এই প্রতিপাদ্যে মেহেরপুরে জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) উদ্যোগে গণসাক্ষরতা অভিযান’র সহযোগীতায় এ সভা অনুষ্ঠিত হয়।

মউকের প্রোগ্রাম কো-অর্ডিনেটর সাদ আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা কর্মকর্তা মাহফুজুল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো: ফজলে রহমান।

অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আনোয়ার হোসেন, উপজেলা শিক্ষা কর্মকর্তা আপিল উদ্দিন, মেহেরপুর প্রতিদিন’র সম্পাদক ইয়াদুল মোমিন।

অতিথিরা বলেন, শিক্ষকের মর্যাদা আটকে গেছে আমাদের সমাজের ক্ষমতায়। শিক্ষক হিসেবে নিজের অবস্থান তৈরি করতে হবে। নিজেকে তৈরি করতে হলে প্রচুর লেখাপড়া করতে হবে। শিক্ষকের আচার-আচরণে উদাহরণ তৈরি পূূর্বের মর্যাদা ফিরিয়ে আনার তাগিদ দেন অতিথিরা। মউকের প্রোগ্রাম কো-অর্ডিনেটর মুরাদ আলীর সঞ্চালনায় প্রবন্ধ উপস্থাপন করেন গণসাক্ষরতা অভিযানের উপ ব্যবস্থাপক আব্দুর রউফ।

মুক্ত আলোচনায় অংশ নেন শিক্ষক আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাহাজ উদ্দিন, মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম, আশরাফপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াছ নবি, বন্দর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু লায়েছ লাবলু, গন্ধরাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক কিতাব আলী, দফরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক আজাহার আলী, শিক্ষক আল আমীন, অবসরপ্রাপ্ত শিক্ষক রাশিদুল ইসলাম।

মেহেরপুরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ২৫০শ গ্রাম গাঁজাসহ উজ্জল হোসেন(২৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। রোববার দিবাগত রাতে সদর উপজেলার কালি গাংনী থেকে তাকে আটক করা হয়। আটক উজ্জল হোসেন গাংনী উপজেলার মাইলমারি গ্রামের আকবর আলীর ছেলে।

গোপন সংবাদের ভিত্তিতে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে তার শুশুর বাড়ি কালি গাংনী পোড়াপাড়া থেকে আটক করে জেলা গোয়েন্দা কার্যালয়ে নিয়ে আসা হয়। অভিযানে সঙ্গীয় ফোর্স হিসেবে ছিলেন এএসআই জসিম উদ্দিন ও মাহাতাব উদ্দিন।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, আটক উজ্জল হোসেনের বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

আজ মন্ত্রিসভায় উঠছে ধর্ষণের শাস্তি মৃত্যুদণ্ড করার প্রস্তাব

ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড করতে সংশোধিত নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর খসড়া আজ সোমবার (১২ অক্টোবর) মন্ত্রিসভায় তোলা হচ্ছে বলে জানা গেছে। গতকাল রবিবার (১১ অক্টোবর) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এ তথ্য নিশ্চিত করেছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনার পর আইন সংশোধন করে ধর্ষণের শাস্তি মৃত্যুদণ্ড করার উদ্যোগ নেওয়া হয়েছে বলে এর আগে জানিয়েছিলেন আইনমন্ত্রী আনিসুল হক।

করোনাকালে ভার্চ্যুয়ালি মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভার সদস্যরা অনলাইনে ভিডিও কনফারেন্সে বৈঠকে অংশ নিচ্ছেন। আজও ভার্চ্যুয়াল মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হবে।

নারী ও শিশু নির্যাতন দমন আইন অনুযায়ী, ধর্ষণের সর্বোচ্চ শাস্তি যাবজ্জীবন কারাদণ্ড। দেশে সাম্প্রতিক সময়ে কয়েকটি ধর্ষণের ঘটনার পর ধর্ষকদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড করার দাবিতে শাহবাগ,